দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

বাচ্চাদের নিয়ন্ত্রণের দায়িত্ব স্কুল-কলেজের নয়, অভিভাবকদের: শিক্ষামন্ত্রী

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১১ এপ্রিল ২০২৬, ১৮:২১

রাজশাহী মেডিকেল কলেজ মিলনায়তনে এক মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। ছবি: ভিডিও থেকে নেওয়া

শিশুদের আচরণ ও স্মার্টফোন ব্যবহারে নিয়ন্ত্রণের দায়িত্ব শিক্ষাপ্রতিষ্ঠান বা সরকারের নয়, বরং অভিভাবকদের—এমন মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। শনিবার (১১ এপ্রিল) সকালে রাজশাহী মেডিকেল কলেজ মিলনায়তনে আয়োজিত রাজ

বর্তমানে অনেক শিশু স্মার্টফোন ব্যবহার করে অযথা গেম খেলে এবং ১৮+ কনটেন্ট দেখে, সেটা যেন বন্ধ হয়- সাংবাদিকদের এমন মন্তব্যের বিপরীতে শিক্ষামন্ত্রী জানতে চান, তারা কি পথশিশু?

এ প্রশ্নের নেতিবাচক উত্তরের জবাবে মন্ত্রী আবারও জিজ্ঞেস করেন, যারা এ ধরনের অপব্যবহার করছে, তাদের কি অভিভাবক নেই? শিক্ষামন্ত্রী সে সময় স্পষ্টভাবে বলেন, 'যদি তাদের অভিভাবক থেকে থাকেন, তাহলে এমন প্রশ্ন করেন কেন? বাচ্চাদের নিয়ন্ত্রণ করার দায়িত্ব স্কুল, কলেজ, ইউনিভার্সিটি বা মন্ত্রালয়ের না, অভিভাবকদের।'

ইত্তেফাক/আরএইচ/এটিএন